গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, হাইড্রোকার্বন ইউনিট ১৫৩, পাইওনিয়ার
রোড, সেগুনবাগিচা, ঢাকা। www.hcu.org.bd

২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরনের দ্বিতীয় সভার কার্যবিবরণী ।

| | |
|---|---|
| সভাপতি | এ এস এম মঞ্জুরুল কাদের<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ২১-১২-২০২০ ইং |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | Zoom Meeting এর মাধ্যমে অনলাইন |
| উপস্থিতি | পরিশিষ্ট -ক |

**২.০। আলোচনা**

২.১। সভাপতি ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরন সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান।

সভাপতির অনুমতিক্রমে হাইড্রোকার্বন ইউনিটের পরিচালক মোঃ জাকির হোসেন সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরন সভায় যুক্ত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

২.২। সভাপতি বলেন এপিএ বাস্তবায়নের ধারাবাহিকতায় লক্ষ্যে অংশীজনের সভা আয়োজন করা হয়েছে। আমাদের সরাসরি কাস্টমার নাই বিধায় দপ্তর/ সংস্থা/ কোম্পানি গুলোই মূলত আমাদের স্টেক হোল্ডার। তাদের সম্পৃক্তায় আমরা জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বিভিন্ন কারিগরি কাজ বাস্তবায়ন করে থাকি। আমরা পেট্রোবাংলা ও বিপিসি হতে ডাটা সংগ্রহ করে এগুলোর উপর ভিত্তি করে গ্যাস এবং কয়লা মজুদ ও উৎপাদনের মাসিক প্রতিবেদন, গ্যাস উৎপাদন, বিতরণ ও কনজাম্পশন এর বার্ষিক প্রতিবেদন এবং Energy Scenario Report প্রস্তুত করে থাকি। তিনি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/ সংস্থা/ কোম্পানি সমূহের অন্তবর্তীকালীন ম্যানেজমেন্ট ড্যাশবোর্ড এর প্রসঙ্গ তুলে ধরে বলেন, সবার সক্রিয় সহযোগিতায় অন্তবর্তীকালিন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ম্যানেজমেন্ট ড্যাশবোর্ড ডেমনস্ট্রেশন করা সম্ভব হয়েছে। খুবই দ্রুত সময়ের মধ্যেই অন্তবর্তীকালিন ম্যানেজমেন্ট ড্যাশবোর্ড ডিসপ্লে করা হবে। তিনি পেট্রোবাংলা ও বিপিসিকে যথাসময়ে হালনাগাদকৃত ডাটা অন্তবর্তীকালিন ম্যানেজমেন্ট ড্যাশবোর্ডে আপডেট করার প্রসঙ্গ তুলে ধরে হাইড্রোকার্বন ইউনিটের টিমকে তা মনিটর করার নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন সবার সহযোগিতায় পেট্রোবাংলা ও বিপিসির আওতাধীন প্রতিষ্ঠানসমূহের আইন/বিধি/নীতিমালার সংকলন প্রস্তুত করা হচ্ছে। তিনি বিপিসির আওতাধীন পদ্মা ওয়েল লিমিটেড হতে চাকরি প্রবিধান মালা প্রেরণের তাগিদ দেন। হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক আয়োজিত সেমিনারসমূহে মনোনয়ন প্রদান করার জন্য এবং সেমিনারের ট্রপিক্স প্রদানের জন্য অংশীজনদেরকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখার পরিচালক (ভূতত্ত্ব) নাসিমা বেগম সরকারী কর্মকর্তা/ কর্মচারীদের ৬০ জন ঘন্টা প্রশিক্ষণের প্রসঙ্গ তুলে ধরে বলেন দপ্তর/ সংস্থা কর্তৃক আয়োজিত ইন হাউজ প্রশিক্ষণে অন্যান্য দপ্তর/ সংস্থার কর্মকর্তা/ কর্মচারী অর্ন্তভূক্ত করা যেতে পারে। এতে ৬০ জনঘন্টা লক্ষ্যমাত্রা পূরণ হওয়া ছাড়াও কর্মকর্তা/ কর্মচারীদের মধ্যে সহযোগিতার ক্ষেত্র সম্প্রসারিত হবে।

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের এম আই এস এর ব্যবস্থাপক জনাব এস এম জোয়ায়ের হাসান পদ্মা ওয়েল লিমিটেড কোম্পানি হতে চাকরি প্রবিধান মালা প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস প্রদান করেন।

বিস্ফোরক পরিদপ্তরের বিস্ফোরক পরিদর্শক, মনিরা ইয়াসমিন ইন হাউজ প্রশিক্ষণ আয়োজনের ব্যাপারে ইতিবাচক দিক তুলে ধরে বলেন এটা সকলের জন্য ফলপ্রসু হবে। অন্তবর্তীকালীন ম্যানেজমেন্ট ড্যাশবোর্ডে যথাসময়ে ডাটা প্রদান করার আশ্বাস প্রদান করেন।

বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিউটের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব মোঃ সাহিদুজ্জামান অন্তবর্তীকালিন ম্যানেজমেন্ট ড্যাশবোর্ড আপডেট করার কথা বলেন। তিনি প্রশিক্ষণের জন্য নতুন বিষয়ের উপর কোর্স ক্যালেন্ডার প্রণয়ন করার কথা বলেন।

৩.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন।

এ এস এম মঞ্জুরুল কাদের
মহাপরিচালক

স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৩২.০০১.১৭.৩৩৪

তারিখ: ১১ পৌষ ১৪২৭
২৬ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) উপসচিব, প্রশাসন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
২) পরিচালক (ভূতত্ত্ব) , ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৩) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৪) ম্যানেজার, এমআইএস, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
৫) বিস্ফোরক পরিদর্শক, ঢাকা ২, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর
৬) অফিস কপি ।

এ এস এম মঞ্জুরুল কাদের
মহাপরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট

নম্বর ২৮.০৬.০০০০.০০০.৩২.০০২.১৯.২৪

তারিখ: ২ পৌষ ১৪২৭
১৭ ডিসেম্বর ২০২০

অনলাইন সভার নোটিশ

২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরন সভা হাইড্রোকার্বন ইউনিটের মহাপরিচালক (যুগ্মসচিব) জনাব এ এস এম মঞ্জুরুল কাদের এর সভাপতিত্বে আগামী ২১ ডিসেম্বর ২০২০ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় নিম্নবর্নিত লিঙ্কে অনুষ্ঠিত হবে।

Topic: HCU Zoom Meeting
Time: December 21, 2020 11: 00 AM Astana, Dhaka
https://uni-sydney.zoom.us/j/4037050814?pwd=UVlobW94TnhHWEU1ZGo1bWNGa2Rodz09
ID: 4037050814
Password: 838884

উক্ত সভায় সকল এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে ভার্চুয়ালি যুক্ত থাকার জন্য অনুরোধ করা হল।

২০-১২-২০২০
এ এস এম মঞ্জুরুল কাদের
মহাপরিচালক
ফোন: ৮৩৯১০৭৫
ইমেইল: hcu@hcu.org.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১) চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন [ এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে ভার্চুয়ালি যুক্ত করার জন্য অনুরোধ করা হল]
২) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) [ এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে ভার্চুয়ালি যুক্ত করার জন্য অনুরোধ করা হল]
৩) মহাপরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট [ এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে ভার্চুয়ালি যুক্ত করার জন্য অনুরোধ করা হল]
৪) মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) [ এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে ভার্চুয়ালি যুক্ত করার জন্য অনুরোধ করা হল]
৫) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর [ এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে ভার্চুয়ালি যুক্ত করার জন্য অনুরোধ করা হল]
৬) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ (অতিরিক্ত দায়িত্ব), প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর [ এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে ভার্চুয়ালি যুক্ত করার জন্য অনুরোধ করা হল]